গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
সমন্বয় শাখা
www.plandiv.gov.bd



স্মারক নং-২০.০০.০০০০.০০০.৩৩২.১৮.০০০২.২৬.২৭৪

তারিখ : ২৭ শ্রাবণ ১৪৩৩ / ১১ আগস্ট ২০২৬

**বিষয়: মাননীয় প্রতিমন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয় জনাব মোঃ জোনায়েদ আব্দুর রহিম সাকি এঁর সভাপতিত্বে ২১ জুলাই ২০২৬ তারিখে অনুষ্ঠিত মতবিনিময় সভার কার্যবিবরণী।**

মাননীয় প্রতিমন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয় জনাব মোঃ জোনায়েদ আব্দুর রহিম সাকি এঁর সভাপতিত্বে মতবিনিময় সভা ২১ জুলাই ২০২৬ তারিখ মঙ্গলবার সকাল ১০:০০ ঘটিকায় নাজিয়া সালমা ভবনের (১৯ নম্বর ভবন) সভাকক্ষে অনুষ্ঠিত হয়। সভার অনুমোদিত কার্যবিবরণী সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে (তিন পাতা)।

১১/০৮/২৬

(মৌসুমী জেরীন কান্তা)
সিনিয়র সহকারী সচিব
টেলিফোন: ২২২২১৬৫৪৪
ইমেইল: dsplandivco@gmail.com

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সদস্য (সিনিয়র সচিব), ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
২. সদস্য (সচিব), কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৩. সদস্য (সচিব), আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৪. সদস্য (সচিব), সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৫. সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৬. সচিব, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৭. সদস্য (সচিব), কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৮. সদস্য (সচিব), শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৯. অতিরিক্ত সচিব (সকল), পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
১০. মহাপরিচালক, বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান, আগারগাঁও, ঢাকা।

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
২. সিনিয়র সিস্টেম এনালিস্ট, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা (**ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ**)।
৩. সচিবের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. অফিস কপি/সংশ্লিষ্ট নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
সমন্বয় শাখা
www.plandiv.gov.bd

**বিষয়: মাননীয় প্রতিমন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয় জনাব মোঃ জোনায়েদ আব্দুর রহিম সাকি এঁর সভাপতিত্বে ২১ জুলাই ২০২৬ তারিখে অনুষ্ঠিত মতবিনিময় সভার রেকর্ড নোটস।**

মাননীয় প্রতিমন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয় জনাব মোঃ জোনায়েদ আব্দুর রহিম সাকি এঁর সভাপতিত্বে একটি মতবিনিময় সভা ২১ জুলাই ২০২৬ তারিখে অনুষ্ঠিত হয়। সভায় পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা কমিশন, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ ও বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (বিআইডিএস)-এর সিনিয়র সচিব/সচিব/সদস্য ও অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন (**পরিশিষ্ট-ক**)। সভাপতির অনুমতিক্রমে সচিব, পরিকল্পনা বিভাগ স্বাগত বক্তব্যের মধ্য দিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

সচিব, পরিকল্পনা বিভাগ বলেন যে, এখন থেকে প্রতি মাসে পরিকল্পনা মন্ত্রণালয়ের আওতাধীন সকল বিভাগ ও পরিকল্পনা কমিশনের সেক্টর/ডিভিশনের সার্বিক কার্যাবলীর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা জন্য সমন্বয় সভার আদলে সভা করা প্রয়োজন। আজকের সভায় বাস্তবায়ন পরীবিক্ষণ ও মূল্যায়ন বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন National electronic-Project Management Information System (e-PMIS) এর Dashboard বাস্তবায়ন এবং প্রকল্প পরিচালক নিয়োগ নীতিমালার বিষয়ে আলোচনা হবে। তাছাড়া পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের ডাটা প্রাপ্তির সহজলভ্যতা, ব্যবহার উপযোগিতা ও ডাটার অভিগম্যতা নিশ্চিত করার লক্ষ্যে আলোচনা করা যেতে পারে।

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে বলেন যে, পরিকল্পনা মন্ত্রণালয়ের সার্বিক কার্যাবলীর সমন্বয় এবং বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার জন্য মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের নিয়ে প্রতিমাসে একটি সমন্বয় সভা করা প্রয়োজন। তিনি উল্লেখ করেন যে, সুষম পানি ব্যবস্থাপনা সরকারের একটি অতি গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত। সে প্রেক্ষিতে ডেল্টা প্লান সংক্রান্ত প্রকল্পটি Rescoping এবং Repurposing করার বিষয়টি সরকারের বিবেচনাধীন রয়েছে। সভাপতি আরও বলেন যে, আগামী ১৭ আগষ্ট ২০২৬ তারিখে বর্তমান সরকারের মেয়াদ ০৬ (ছয়) মাস পূর্তি হবে। এ উপলক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী সরকারের ০৬ (ছয়) মাস তথা ১৮০ দিনের কাজের অগ্রগতি জনগণের সামনে উপস্থাপন করবেন। এ লক্ষ্যে পরিকল্পনা মন্ত্রণালয়ের ১৮০ দিনের কাজের অগ্রগতি নিরুপণ ও উপস্থাপনের প্রস্তুতি গ্রহণ করা প্রয়োজন। তাছাড়া, সভাপতি নিম্নোক্ত ০৪টি গুরুত্বপূর্ণ বিষয়ে আলোকপাত করেন:

- Five Year Strategic Framework for Reform & Development চূড়ান্তকরণ;
- National electronic-Project Management Information System (e-PMIS) এর Dashboard বাস্তবায়ন;
- প্রকল্প পরিচালক নিয়োগ নীতিমালা, ২০২৬-এর খসড়া পর্যালোচনা, পিডি পুল তৈরী এবং তাদের প্রশিক্ষণ;
- সেপ্টেম্বর-অক্টোবর মাসের মধ্যে সংশোধিত এডিপি প্রণয়ন করা।

তিনি আরও বলেন, চলমান প্রকল্পগুলোকে বর্তমান সরকারের নির্বচনী ইশতেহার এবং Five Year Strategic Framework for Reform & Development-এর সাথে সঙ্গতিপূর্ণ করার লক্ষ্যে ইতোমধ্যে ১৬টি মন্ত্রণালয়ের সাথে সভা করা হয়েছে। অবশিষ্ট মন্ত্রণালয়/বিভাগের সাথে শীঘ্রই সভা করা হবে।

সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ বলেন যে, Five Year Strategic Framework for Reform &

সংক্ষেপ মাননীয় প্রধানমন্ত্রী বরাবর উপস্থাপনের উদ্যোগ নেয়া হয়েছে। তিনি আরও জানান যে, আগামী ১০-১২ আগস্ট ২০২৬ '3rd National Conference on SDGs Implenentation and Review' বিষয়ক একটি Conference অনুষ্ঠিত হবে। যেখানে ৩টি গ্রামকে SDGs Village হিসেবে ঘোষণা করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

সচিব, পরিকল্পনা বিভাগ বলেন, এসডিজি সম্মেলনে যে ডকুমেন্ট উপস্থাপন করা হবে তার খসড়া মাননীয় প্রতিমন্ত্রীর উপস্থিতিতে পর্যালোচনা করা প্রয়োজন।

এ পর্যায়ে সভাপতি বলেন যে, এসডিজি সম্মেলনের পূর্বে বর্তমানে এসডিজি বাস্তবায়নের প্রকৃত অগ্রগতি কি অবস্থায় রয়েছে তা জানা প্রয়োজন। এসডিজি-এর অভিষ্টসমূহ বিবেচনায় নিয়ে আমাদের প্রকল্প গ্রহণ এবং প্রকল্প প্রক্রিয়াকরণ করা প্রয়োজন। এসডিজি সম্মেলন-এর পূর্ব প্রস্তুতি গ্রহণের লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে নিয়ে অতি দ্রুত একটি সভা করা যেতে পারে। তিনি এসডিজি-এর লক্ষ্যমাত্রা অর্জনে অভিঘাত চিহ্নিতকরণ এবং তা উত্তরণের বিষয়ে গুরুত্বারোপ করেন।

সচিব, বাস্তবায়ন পরীবিক্ষণ ও মূল্যায়ন বিভাগ National electronic-Project Management Information System (e-PMIS) এর কার্যক্রম সংক্রান্ত উপস্থাপনা করেন। তিনি e-PMIS-এর ড্যাশবোর্ডে প্রতিটি বিষয় পর্যায়ক্রমে উপস্থাপন করা হয়।

e-PMIS সংক্রান্ত আলোচনায় অংশ নিয়ে অতিরিক্ত সচিব, গবেষণা ও প্রশিক্ষণ অনুবিভাগ বলেন যে, প্রকল্পগুলোর মেয়াদ ও প্রাক্কলিত ব্যয় বৃদ্ধি ছাড়াও যে সমস্ত প্রকল্পের মেয়াদ ও প্রাক্কলিত ব্যয় উভয়ই বৃদ্ধি করা হয়েছে সেগুলো আলাদাভাবে চিহ্নিত করার জন্য ড্যাশবোর্ডের সুযোগ রাখা প্রয়োজন।

সদস্য (সিনিয়র সচিব), ভৌত অবকাঠামো বিভাগ বলেন যে, প্রকল্পগুলোর মেয়াদ ও প্রাক্কলিত ব্যয় বৃদ্ধি ছাড়াও যে সমস্ত প্রকল্পের মেয়াদ ও প্রাক্কলিত ব্যয় উভয়ই বৃদ্ধি করা হয়েছে সেগুলো আলাদাভাবে চিহ্নিতকরণসহ মাইলস্টোন নির্ধারণ করা প্রয়োজন। মাইলস্টোন বাস্তবায়ন হয়েছে কি না সেটারও প্রতিফলন ড্যাশবোর্ডে থাকা সমীচীন। তাছাড়া, প্রকল্পের আর্থিক ও বাস্তব অগ্রগতি কতটুকু হয়েছে তার প্রতিফলন ড্যাশবোর্ডে সুস্পষ্টভাবে উল্লেখ রাখা যেতে পারে।

**সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:**

**২.০ সিদ্ধান্ত:**

২.১ Five Year Strategic Framework for Reform & Development-দ্রুত প্রাকাশের উদ্যোগ সফল করতে হবে।

২.২ এসডিজি সম্মেলনে উপস্থাপনযোগ্য ধারণাপাত্রের খসড়া মাননীয় প্রতিমন্ত্রীর উপস্থিতিতে পর্যালোচনা করতে হবে।

২.৩ এসডিজি সম্মেলন-এর পূর্ব প্রস্তুতি গ্রহণের লক্ষ্যে এসডিজি বাস্তবায়ন সম্পর্কিত প্রতিটি মন্ত্রণালয়/বিভাগের সাথে সভা আয়োজন করতে হবে।

**বাস্তবায়নে:** সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন।

**৩.০ সিদ্ধান্ত:**

৩.১ চলমান প্রকল্পের মেয়াদ ও প্রাক্কলিত ব্যয় বৃদ্ধি ছাড়াও যে সমস্ত প্রকল্পের মেয়াদ ও প্রাক্কলিত ব্যয় উভয়ই বৃদ্ধি পেয়েছে সেগুলো আলাদাভাবে চিহ্নিত করার জন্য ড্যাশবোর্ড এ সুযোগ রাখতে হবে।

৩.২ ড্যাশবোর্ড-এ চলমান প্রকল্পের মাইলস্টোন নির্ধারণ করাসহ মাইলস্টোন বাস্তবায়নে করণীয় সুযোগ থাকতে হবে।

৩.৩ প্রকল্পের আর্থিক ও বাস্তব অগ্রগতির প্রতিফলন ড্যাশবোর্ড এ সুস্পষ্টভাবে উল্লেখ থাকতে হবে।

৩.৪ ড্যাশবোর্ড-এ চলমান প্রকল্পগুলোকে তিনটি ক্যাটাগরিতে অর্থাৎ লাল, কমলা ও সবুজ বৃত্ত দিয়ে (সংখ্যাসহ) চিহ্নিত করার কৌশল থাকতে হবে।

৩.৫ লাল চিহ্নিত প্রকল্পসমূহ চিহ্নিতকরণের পাশাপাশি মূল সমস্যা নির্ধারণ এবং সমস্যা সমাধানের উপায়ও ড্যাশবোর্ডে উল্লেখ হবে।

৩.৬ নতুন অননুমোদিত প্রকল্পের ক্ষেত্রে ভাল, মধ্যম এবং খারাপ চিহ্নিত করার কৌশল থাকতে হবে।

৩.৭ e-PMIS-এর ড্যাশবোর্ড-এর বাস্তবায়ন জুলাই/২০২৬ এর মধ্যে সমাপ্ত করতে হবে।

**বাস্তবায়নে:** বাস্তবায়ন পরীবিক্ষণ ও মূল্যায়ন বিভাগ।

**৪.০ সিদ্ধান্ত:**

৪.১ বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহার এবং Five Year Strategic Framework for Reform & Development আলোকে নতুন প্রকল্প গ্রহণ করতে হবে।

**বাস্তবায়নে:** সকল সেক্টর-ডিভিশন, পরিকল্পনা কমিশন এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ।

৫.০ আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৬.০৪.২০২৬

**(মোঃ জোনায়েদ আব্দুর রহিম সাকি)**
প্রতিমন্ত্রী
পরিকল্পনা মন্ত্রণালয়